



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

CHITTAGONG UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY

CHITTAGONG-4349, BANGLADESH.

স্মারক নং: চুয়েট/ভিসি অফিস/কোঅর্ডিনেশন-২/২৪২৩

১৮ই শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২রা আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

-ঃ “শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী” উদ্‌যাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি :-


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জ্যেষ্ঠ সন্তান, শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ০৫ই আগস্ট ২০২৩ খ্রি. শনিবার অত্র বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

ক্রমিক	কর্মসূচি	স্থান	সময়
১.	শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর প্রাঙ্গণ, চুয়েট।	সকাল ১০:০০ ঘটিকা
২.	শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জীবন ও কর্মের উপর আলোচনা সভা।	শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর মিলনায়তন, চুয়েট।	সকাল ১০:১০ ঘটিকা

উপরোক্ত কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম মহোদয়। উপরোক্ত অনুষ্ঠানমালায় অংশগ্রহণের জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদেরকে আমন্ত্রণ জানানো যাচ্ছে।

** উক্ত কর্মসূচিতে গমনাগমনের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক গাড়ি উক্ত দিন চট্টগ্রাম শহর থেকে সকাল ৮:৪৫ ঘটিকায় এবং আবাসিক গোল চত্বর থেকে ৯:৪০ ঘটিকায় অনুষ্ঠানস্থলে ছেড়ে আসবে। আলোচনা অনুষ্ঠান শেষে পুনরায় প্রত্যাবর্তন করবেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-


০২/০৮/২৩
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরিত হলো:-

- সকল ডিন/পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট। (ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)
- পরিচালক, আইআইসিটি, চুয়েট। (বিজ্ঞপ্তিটি চুয়েট-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)
- প্রধান প্রকৌশলী, চুয়েট। (উপরোক্ত সময়ে শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটরে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং প্রয়োজনীয় সাউন্ড সিস্টেম-এর ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
- সভাপতি, যানবাহন পরিচালনা কমিটি, চুয়েট। (চট্টগ্রাম শহর ও আবাসিক এলাকা থেকে অনুষ্ঠানে অংশগ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয়-সংখ্যক গাড়ির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
- নিরাপত্তা উপদেষ্টা ও সহকারী পরিচালক (নিরাপত্তা), চুয়েট। (শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটরস্থ শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর প্রতিকৃতিতে প্রদানের পুষ্পস্তবক তৈরির অনুরোধ সহকারে)
- সিনিয়র পেশ ইমাম, চুয়েট। (আলোচনা অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত এবং দোয়া ও মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)
- সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি/কর্মকর্তা সমিতি/স্টাফ এসোসিয়েশন/স্টাফ ওয়েলফেয়ার কমিটি/চুয়েট ক্লাব/কর্মচারী ক্লাব, চুয়েট।
- সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট। (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে এবং উক্ত অনুষ্ঠানের সংবাদচিত্র বিভিন্ন মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধ সহকারে)
- সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।


(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (তথ্য ও প্রকাশনা)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।